গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
পরিকল্পনা-২ শাখা
www.mor.gov.bd

নং-৫৪.০০.০০০০.০১৯.১৪.০০৮.১৭-২৬৪

তারিখঃ ২৮ অগ্রহায়ণ, ১৪২৯
১৩ ডিসেম্বর, ২০২২

বিষয়ঃ প্রজেক্ট স্টিয়ারিং কমিটি (পিএসসি) সভার কার্যবিবরণী

উপর্যুক্ত বিষয়ে "চট্টগ্রামের পতেঙ্গায় প্রস্তাবিত বে-টার্মিনালে রেলওয়ে সংযোগের জন্য সম্ভাব্যতা সমীক্ষা ও বিশদ ডিজাইন" শীর্ষক প্রকল্পের উপর রেলপথ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে ০৭.১২.২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে

১৩/১২/২০২২
(মো: ফরহাদ মিঞা)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৪১০৫০২৩৮
planning2mor@gmail.com

বিতরণ (সদয় অবগতি/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: যুগ্মসচিব, বাজেট-৫)
২। সচিব, পরিকল্পনা বিভাগ, শের-ই বাংলা নগর, ঢাকা (দৃ:আ: যুগ্ম প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ)
৩। সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই বাংলা নগর, ঢাকা (দৃ:আ: মহাপরিচালক, সেক্টর-২)
৪। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলানগর, ঢাকা (দৃ:আ: যুগ্ম প্রধান, ভৌত অবকাঠামো উইং)
৫। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, ঢাকা (দৃ:আ: যুগ্ম প্রধান, রেল পরিবহণ উইং)
৬। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা
৭। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
৮। অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
৯। অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো/রোলিং স্টক), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
১০। যুগ্মসচিব (পরিকল্পনা), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
১১। যুগ্মসচিব, উন্নয়ন-৩ অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
১২। প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
১৩। উপসচিব, উন্নয়ন-৩ শাখা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
১৪। উপসচিব, পরিকল্পনা-১ শাখা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
১৫। প্রকল্প পরিচালক, "চট্টগ্রামের পতেঙ্গায় প্রস্তাবিত বে-টার্মিনালে রেলওয়ে সংযোগের জন্য সম্ভাব্যতা সমীক্ষা ও বিশদ ডিজাইন" শীর্ষক প্রকল্প, বাংলাদেশ রেলওয়ে

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
২. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (কার্যবিবরণীটি আপলোড করার অনুরোধসহ)
৩. উপসচিব, এপিএ মনিটরিং সেল, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
৪ সংশ্লিষ্ট নথি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগ
পরিকল্পনা-০২ শাখা
www.mor.gov.bd

বিষয়: "চট্টগ্রামের পতেঙ্গায় প্রস্তাবিত বে-টার্মিনাল রেলওয়ে সংযোগের জন্য সম্ভাব্যতা সমীক্ষা ও বিশদ ডিজাইন" প্রকল্পের ওপর অনুষ্ঠিত প্রজেক্ট স্টিয়ারিং কমিটি সভার কার্যবিবরণী।

**সভাপতি** : সচিব, রেলপথ মন্ত্রণালয়।
**স্থান** : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
**তারিখ ও সময়** : ০৭.১২.২০২২, দুপুর ১২.০০ ঘটিকা।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা **'পরিশিষ্ট-ক'** দ্রষ্টব্য।

**২.০ উপস্থাপনা**

**২.১** সভার শুরুতে সভাপতি সভায় উপস্থিত ও জুম প্ল্যাটফর্মে সংযুক্ত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং প্রকল্প সম্পর্কে অবহিত করার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ জানান। প্রকল্প পরিচালক উপস্থাপনার শুরুতে প্রকল্পটির বিষয়ে নিম্নরূপ তথ্যাদি প্রদান করেন:

<table>
<tr><td>১.</td><td>প্রকল্পের নাম</td><td>:</td><td>চট্টগ্রামের পতেঙ্গায় প্রস্তাবিত বে-টার্মিনাল রেলওয়ে সংযোগের জন্য সম্ভাব্যতা সমীক্ষা ও বিশদ ডিজাইন</td></tr>
<tr><td>২.</td><td>উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ</td><td>:</td><td>রেলপথ মন্ত্রণালয়</td></tr>
<tr><td>৩.</td><td>বাস্তবায়নকারী সংস্থা</td><td>:</td><td>বাংলাদেশ রেলওয়ে</td></tr>
<tr><td>৪.</td><td>ডিপিপি অনুমোদনের তারিখ</td><td>:</td><td>২০.০৩.২০১৮</td></tr>
<tr><td>৫.</td><td>প্রকল্পের প্রাক্কলিত ব্যয়</td><td>:</td><td>৪৫২.৭৬ লক্ষ টাকা</td></tr>
<tr><td>৬.</td><td>বাস্তবায়নকাল</td><td>:</td><td><table>
<tr><th>ধরণ</th><th>আরম্ভ</th><th>সমাপ্ত</th></tr>
<tr><td>মূল অনুমোদিত</td><td>০১.০৪.২০১৮</td><td>৩১.০৩.২০১৯</td></tr>
<tr><td>প্রকল্পের বর্ধিত মেয়াদ (১ম দফা)</td><td>০১.০৪.২০১৮</td><td>৩০.০৬.২০২১</td></tr>
<tr><td>প্রকল্পের বর্ধিত মেয়াদ (২য় দফা)</td><td>০১.০৪.২০১৮</td><td>৩০.০৬.২০২২</td></tr>
<tr><td>প্রকল্পের বর্ধিত মেয়াদ (৩য় দফা)</td><td>০১.০৪.২০১৮</td><td>৩০.০৬.২০২৩</td></tr>
</table></td></tr>
<tr><td>৭.</td><td>প্রকল্পের অর্থায়ন</td><td>:</td><td>জিওবি অর্থায়ন</td></tr>
<tr><td>৮.</td><td>প্রকল্পের উদ্দেশ্য</td><td>:</td><td>• প্রকল্পটির জন্য সম্ভাব্য বিকল্প এলাইনমেন্ট নির্ধারণ এবং ডিটেইল্ড ডিজাইন;<br>• প্রকল্পটি কারিগরি, আর্থিক ও পরিবেশগতভাবে ভায়াবল কিনা সেটা যাচাই;<br>• ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন পরিকল্পনা প্রণয়ন;<br>• ডিটেইল্ড ডিজাইনের ভিত্তিতে মূল প্রকল্পের ব্যয় প্রাক্কলন।</td></tr>
<tr><td>৯.</td><td>প্রকল্পের কার্যক্রম</td><td>:</td><td>বে-টর্মিনাল থেকে সিজিপিওয়াই পর্যন্ত ডুয়েল গেজ ডাবল লাইন নির্মাণের লক্ষ্যে আলোচ্য প্রকল্পের আওতায় সম্ভাব্যতা সমীক্ষা ও বিশদ ডিজাইন সম্পন্ন করা।</td></tr>
<tr><td>১০.</td><td>প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি (ADP)</td><td>:</td><td>প্রকল্পের অনুকূলে ২০২২-২৩ অর্থবছরে বরাদ্দ ২১৬ লক্ষ টাকা; নভেম্বর, ২০২২ পর্যন্ত আর্থিক অগ্রগতি ০ % এবং ভৌত অগ্রগতি ৩.৫০%।</td></tr>
<tr><td>১১.</td><td>ক্রমপুঞ্জিত অগ্রগতি</td><td>:</td><td>নভেম্বর, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ২৩.৬৮% এবং ভৌত অগ্রগতি ৪৮.৫০%।</td></tr>
</table>

<table>
<tr><td>১২.</td><td>পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি</td><td>:</td><td>নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা: China Railway Design Corporation (CRDC)- Mazumder Enterprise. Bangladesh (ME) in Consortium, Robin Tower 5th floor, 42-43, Porana Palton, Dhaka-1000
<table>
<tr><th>চুক্তিপত্র</th><th>মেয়াদ</th></tr>
<tr><td>মূল চুক্তিপত্র</td><td>৩০.০৯.২০২০-২৯.০৫.২০২১</td></tr>
<tr><td>চুক্তিপত্রের ১ম বর্ধিত মেয়াদ</td><td>০৩.০৬.২০২১ তারিখ পর্যন্ত</td></tr>
<tr><td>চুক্তিপত্রের ২য় বর্ধিত মেয়াদ</td><td>৩১.১২.২০২১ তারিখ পর্যন্ত</td></tr>
<tr><td>চুক্তিপত্রের ৩য় বর্ধিত মেয়াদ</td><td>৩০.০৫.২০২২ তারিখ পর্যন্ত</td></tr>
<tr><td>চুক্তিপত্রের ৪র্থ বর্ধিত মেয়াদ</td><td>৩০.০৬.২০২৩ তারিখ পর্যন্ত</td></tr>
</table></td></tr>
</table>

**২.২** সভাপতি প্রকল্পটির এলাইনমেন্ট এর বিষয়ে জানতে চাওয়ার প্রেক্ষিতে প্রকল্প পরিচালক বলেন যে, গত ২৩.০৫.২০২২ তারিখে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে প্রকল্পের এলাইনমেন্ট চূড়ান্তকরণের লক্ষ্যে যৌথ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তাবিত এলাইনমেন্টসমূহ পর্যালোচনাপূর্বক ''এলাইনমেন্ট Option-1(A)-কে ফেজ-১-এ বিবেচনা করে এবং এলাইনমেন্ট Option-1(B)-কে ফেজ-২-এ বিবেচনা করে Detail Design এর কাজ পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক আরম্ভ করা যেতে পারে'' মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**২.৩** প্রকল্প পরিচালক আরও বলেন যে, গত ২৭.০৫.২০২২ তারিখে সচিব, রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ প্রকল্পের এলাইনমেন্ট চূড়ান্তকরণ এবং নতুন সিজিপিওয়াই নির্মাণের জন্য সম্ভাব্য এলাকা পরিদর্শন করেন। গত ১০.৪.২০২২ তারিখে অনুষ্ঠিত প্রজেক্ট স্টিয়ারিং কমিটির সভায় এ্যালাইনমেন্ট নির্ধারণ চূড়ান্ত করার পর খসড়া সমীক্ষা (Draft Feasibility Study Report) প্রতিবেদন পেশ করত: বিস্তারিত ডিজাইন করা হবে মর্মে আলোচনা হয়। প্রকল্প পরিচালক জানান যে, পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক ডিসেম্বর ২০২২ এর মধ্যে Draft Feasibility Study Report দাখিল করা হবে ।

**৩.০ আলোচনা** :

৩.১ জনাব সিদ্দিকুর রহমান, উপসচিব, আইএমইডি বলেন যে, কাজটির বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক নয়। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করার লক্ষ্যে কাজের অগ্রগতি বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে।

৩.২ অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) বলেন, সভায় উপস্থাপিত তথ্যের ভিত্তিতে প্রকল্পটি নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্তির বিষয়ে সম্যক ধারণা পাওয়া কষ্টসাধ্য। তিনি জরুরী ভিত্তিতে সময়ভিত্তিক Actionplan/Workplan দাখিল করার অনুরোধ জানান। তিনি আরও বলেন যে, সংশ্লিষ্ট প্রকল্পটির প্রকল্প পরিচালক পদে পদায়ন না থাকায় কাজের কাঙ্খিত অগ্রগতি ব্যহত হচ্ছে। ফলে জরুরী ভিত্তিতে প্রকল্প পরিচালক পদে পদায়নের প্রস্তাব প্রেরণের জন্য বাংলাদেশ রেলওয়েকে অনুরোধ জানান। সভায় এ বিষয়ে একমত পোষণ করা হয়।

**৪.০** বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

(৪.১) জরুরী ভিত্তিতে প্রকল্পটির সময়ভিত্তিক Actionplan/Workplan দাখিল করতে হবে এবং সে অনুযায়ী নির্ধারিত সময়ে প্রকল্পটির সব কাজ সম্পন্ন করতে হবে।

(৪.২) প্রকল্পে জরুরী ভিত্তিতে প্রকল্প পরিচালক পদে পদায়নের প্রস্তাব প্রেরণ করতে হবে।

**৫.০** আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. মো: হুমায়ুন কবীর)
সচিব

০৭.১২.২০২২ তারিখে "চট্টগ্রামের পতেঙ্গায় প্রস্তাবিত বে-টার্মিনালে রেলওয়ে সংযোগের জন্য সম্ভাব্যতা সমীক্ষা ও বিশদ ডিজাইন" শীর্ষক প্রকল্পের উপর প্রজেক্ট স্টিয়ারিং কমিটি'র সভায় উপস্থিত কর্মকর্তাদের-হাজিরা সীট

| ক্রম | নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | ডি এন মজুমদার<br>মহাপরিচালক | | 9/12/2022 |
| ২. | মো. ইয়াসীন<br>অতিরিক্ত সচিব<br>(উন্নয়ন ও পরিকল্পনা) | রেলপথ মন্ত্রণালয় | ০৭/১২/২২ |
| ৩. | শাহ ইমাম আলী TORY<br>JS | MOR | 09.12.2022 |
| ৪. | [illegible] ইসলাম<br>ADG/Engg. | BR | 07.12.2022 |
| ৫. | মো: আলী কবীর<br>উপসচিব | MOR | 9/12/22 |
| ৬. | S.M. Salimullah Bahar<br>CPO | BR | 9/12/22 |
| ৭. | Md. Belal Hossain Sarker<br>Addl. CPLO | BR | 07.12.22 |
| ৮. | Md. Jahirul Islam<br>(ME) Civil Engineer. | ME | |
| ৯. | ABM Shahjahan<br>Environmental Expert | ME | |
| ১০. | Yang. Changchun | CRDC | 07.12.22 |

| ক্রম | নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১১. | MOHAMMED SAIDUR RAHMAN | CRDC | |
| ১২. | Md. Ali Tamim | Mazumder Enterprise | |
| ১৩. | Wasitur Rahman | Mazumder Enterprise | |
| ১৪. | MD. HAMIDUR RAHMAN | BR | |
| ১৫. | | | |
| ১৬. | | | |
| ১৭. | | | |
| ১৮. | | | |
| ১৯. | | | |
| ২০. | | | |